

জেলা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পোষ্য কোটা পুনর্বহালের দাবিতে কর্মবিরতি চলছে, প্রতিবাদে শিক্ষার্থীদের বিক্ষেপ

প্রতিনিধি রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২৪ আগস্ট ২০২৫, ১৩: ১৪



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা পোষ্য কোটা পুনর্বহালের দাবিতে কর্মবিরতি পালন করছেন। আজ
রোববার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে ছবি: প্রথম আলো

পোষ্য কোটা পুনর্বহালসহ প্রাতিষ্ঠানিক সব বৈষম্য দূর করার দাবিতে কর্মবিরতি পালন করছেন শিক্ষক-কর্মকর্তা-
কর্মচারীরা। আজ রোববার সকাল ৯টা থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে অবস্থান নিয়ে তাঁরা এ
কর্মসূচি পালন করছেন। তাঁদের (শিক্ষক-কর্মকর্তা) এই আন্দোলনের প্রতিবাদে আজ দুপুরে বিভিন্ন হলের সামনে
বিক্ষেপ করছেন শিক্ষার্থীরা।

পোষ্য কোটা পুনর্বহালসহ প্রাতিষ্ঠানিক বৈষম্য দূর করার দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এবং শহীদ বুদ্ধিজীবী স্মৃতিফলকের সামনের লিচুতলায় আজ সকাল ৯টা থেকে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী অবস্থান করে কর্মবিরতি শুরু করেন।

এ বিষয়ে আন্দোলনরত জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক আবদুল আলীম বলেন, ‘আমাদের দাবির সঙ্গে রাকসুর সঙ্গে কোনো বিরোধ নাই। আমরা চাই, দীর্ঘ অচলাবস্থা ভেঙে রাকসু নির্বাচন হোক। আর বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে আমরা প্রাতিষ্ঠানিক সুবিধার দাবি নিয়ে আন্দোলন করছি। দাবি মেনে নিলেই আমরা আন্দোলন প্রত্যাহার করব।’

পোষ্য কোটা নিয়ে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের এই আন্দোলনের প্রতিবাদে অন্তত পাঁচটি হলের সামনে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। হলগুলো হলোঁ সৈয়দ আমীর আলী, নবাব আবদুল লতিফ, শাহ মখদুম হল, মতিহার হল ও শহীদ শামসুজ্জোহা। গতকাল রাতে মাদার বখ্শ হলের শিক্ষার্থীরাও বিক্ষোভ করেছেন। একই দাবিতে প্যারিস রোডে জড়ো হয়ে আজ দুপুরে বিক্ষোভ করছেন তাঁরা।

